



## জনসংযোগ কার্যালয় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ৭৭৯১০৪৫-৫১, ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২  
ওয়েবসাইট: www.juniv.edu



### প্রেস বিজ্ঞপ্তি (শোক সংবাদ)

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়:

দুর্ঘটনায় ডেপুটি কম্পট্রোলার মুহা. আশরাফুল আলমের অকাল প্রয়াণ ॥ উপাচার্যের শোক

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ০৭ নভেম্বর ২০২১।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দুঃখের সঙ্গে জানাচ্ছেন যে, বিশ্ববিদ্যালয়ের কম্পট্রোলার অফিসের ডেপুটি কম্পট্রোলার মুহা. আশরাফুল আলম (৪২) আর নেই। গতকাল রাত আনুমানিক সাড়ে নয়টার দিকে তিনি ঢাকাস্থ খিলগাঁও ট্রেন সিগন্যাল এলাকায় এক মর্মান্তিক দুর্ঘটনায় মৃত্যুবরণ করেন। ইল্লালিল্লাহি---রাজিউন। মৃত্যুকালে তিনি বাবা-মা, পরিবার-পরিজন রেখে গেছেন। সূত্র জানায়, মুহা. আশরাফুল আলম তাঁর নিজ বাড়ি জামালপুর থেকে ট্রেনে ফিরে খিলগাঁও সিগন্যালের কাছে নামেন। এ সময় বিপরীত দিক থেকে একটি ট্রেন এলে তাঁর মাথায় প্রচণ্ড জোরে ধাক্কা লাগে। তিনি পড়ে যান এবং সেখানেই মৃত্যুবরণ করেন। আজ সকাল সাড়ে নয়টায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে তাঁর মরহেদ পৌঁছালে শোকের ছায়া নেমে আসে। সহকর্মীগণ কান্নায় ভেঙ্গে পড়েন। সকাল দশটায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে নামাজে জানাজা শেষে মুহা. আশরাফুল আলমের মরদেহ জামালপুর জেলার সদর থানার ভারোয়াখালি ইউনিয়নে তাঁর নিজ গ্রাম পিয়ারপুরে নেয়া হয়। সেখানেই তাঁকে দাফন করা হবে। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে জানাজার পূর্বে উপাচার্যের পক্ষ থেকে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. রাশেদা আখতার এবং ভারপ্রাপ্ত রেজিস্ট্রার রহিমা কানিজ প্রয়াত মুহা. আশরাফুল আলমের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন।

### উপাচার্যের শোক

কম্পট্রোলার অফিসের ডেপুটি কম্পট্রোলার মুহা. আশরাফুল আলমের প্রয়াণে উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলাম শোক প্রকাশ করেছেন। আজ এক শোক বার্তায় উপাচার্য বলেন, মুহা. আশরাফুল আলমের অকাল প্রয়াণে তাঁর পরিবারে যে শূন্যতা তৈরি হলো তা পূরণ হবার নয়। তিনি একজন দক্ষ অফিসার ছিলেন। তাঁর প্রয়াণে বিশ্ববিদ্যালয়েরও ক্ষতি হলো। উপাচার্য প্রয়াত মুহা. আশরাফুল আলমের পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জানান এবং তাঁর আত্মার শান্তি কামনা করেন।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচ.ডি  
পরিচালক (ভারপ্রাপ্ত)